# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৬

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৫০. নাবী (ﷺ)-এর অযুর বিবরণ

باب صِفَةِ وُضُوءِ النَّبِيِّ صلي الله عليه وسلم

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ وَأَبُو تَوْبَةَ قَالاَ: حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ ح وَحَدَّثَنَا عَمْرُو بْنُ عَوْنٍ، أَخْبَرَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ أَبِي حَيَّةَ قَالَ: رَأَيْتُ عَلِيًّا تَوَضَّأَ فَذَكَرَ وُضُوءَهُ كُلَّهُ ثَلاَثًا ثَلاَثًا - قَالَ - ثُمَّ مَسَحَ رَأْسَهُ، ثُمَّ غَسَلَ رِجْلَيْهِ إِلَى الْكَعْبَيْنِ، ثُمَّ قَالَ: إِنَّمَا أَحْبَبْتُ أَنْ أُرِيَكُمْ طُهُورَ رَسُولِ اللهِ صلي الله عليه وسلم .

- صحيح

বাংলা

১১৬। আবূ হাইয়্যাহ সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি ‘আলী (রাঃ)-কে অযু করতে দেখেছি। তিনি প্রত্যেক অঙ্গ তিনবার করে ধুয়েছেন, তারপর মাথা মাসাহ্ করেছেন এবং উভয় পা টাখনু পর্যন্ত ধুয়েছেন। অতঃপর বলেছেনঃ আমার আগ্রহ ছিল, তোমাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অযু (করার পদ্ধতি) দেখানো।[1]

সহীহ।

## English

Abu Hayyah said:
I saw ‘Ali perform ablution. He (Abu Hayyah) then described that ‘Ali went through every part of the ablution three times, i.e. he performed each detail of his ablution three times. He then wiped his head, then washed his feet up to the ankles. He then said: I wanted to show you how the Messenger of Allah (ﷺ) performed ablution.

## ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ উযুর সময় প্রত্যেক অঙ্গ তিনবার করে ধৌত করা, হাঃ ৪৪ এবং অনুঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উযু কিরূপ ছিলো, হাঃ ৪৯, ইমাম তিরমিযী বলেনঃ এ হাদীসটি হাসান সহীহ), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ উভয় হাত কতবার ধুবে, হাঃ ৯৬ এবং অনুঃ দু‘ পা কয়বার ধুবে, হাঃ ১১৫), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মাথা মাসাহ্ করা, হাঃ ৪৩৬ এবং অনুঃ দু‘ পা ধোয়া, হাঃ ৪৫৬), আহমাদ (১/৭০, ৭৯, ৮৭, ১২০, ১২৫, ১২৭, ১৪২, ১৪৮), সকলেই আবূ ইসহাক থেকে আবূ হাইয়্যাহ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ হাইয়্যাহ্ ইবনু কয়স (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57434

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন